গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

**মহান মে দিবস-২০১৯ উদ্‌যাপন সংক্রান্ত প্রস্তুতি মূলক সভার কার্যবিবরণী:**

সভাপতি: মোছা: সুলতানা পারভীন
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

সভার তারিখ: ২৩-০৪-২০১৯ খ্রিঃ।

সভার স্থান: সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।

সভার উপস্থিতি: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি মন্ত্রিপরিষদ বিভাগের ৩১ মার্চ, ২০১৯ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৫১২.২৩.০০১.১৬-১৪৪ নং স্মারক পত্রখানা সভায় পাঠ করে শুনান এবং মহান মে দিবস, ২০১৯ সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে স্থানীয় কর্মসূচি প্রণয়নের জন্য সভায় সকলের মতামত কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়:

**কর্মসূচি**

| তারিখ ও সময় | বিষয় | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ মে ২০১৯ খ্রিঃ<br>সকাল-১০.০০ টা | বর্ণাঢ্য র‍্যালি | স্বাধীনতার বিজয় স্তম্ভ থেকে শুরু হয়ে শহর প্রদক্ষিণ করে কেন্দ্রীয় শহীদ মিনারে শেষ হবে। | জেলা প্রশাসন ও সংশ্লিষ্ট সংগঠনসমূহ |
| ১ মে ২০১৯ খ্রিঃ<br>বেলা-১১.০০ টা | আলোচনা সভা<br>মহান মে দিবসের প্রতিপাদ্য হল:<br>"শ্রমিক- মালিক ঐক্য গড়ি<br>উন্নয়নের শপথ করি" | কেন্দ্রীয় শহীদ মিনার, কুড়িগ্রাম | জেলা প্রশাসন, কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট সংগঠনসমূহ |

অদ্যকার সভায় উপস্থিত সদস্যবৃন্দ মহান মে দিবস-২০১৯ এর উদ্‌যাপন কমিটির সদস্য হিসেবে গণ্য হবেন।

**মহান মে দিবস উদ্‌যাপন উপ-কমিটিঃ**

১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম — আহবায়ক
২) জনাব মো: কাজিউল ইসলাম, আহবায়ক, শ্রমিক কর্মচারী ঐক্য পরিষদ, কুড়িগ্রাম — সদস্য
৩) জনাব মো:মজিদুল ইসলাম সরদার, সভাপতি, বাস মিনিবাস শ্রমিক ইউনিয়ন, কুড়িগ্রাম — সদস্য
৪) জনাব আব্দুর রহিম, সভাপতি, জাতীয় শ্রমিক ফেডারেশন, কুড়িগ্রাম — সদস্য
৫) জনাব মোহাম্মদ আলী, সম্পাদক, ট্রাক লরি শ্রমিক ইউনিয়ন, কুড়িগ্রাম — সদস্য
৬) জনাব অসীম কুমার সরকার, আহবায়ক, জাতীয় শ্রমিক লীগ, কুড়িগ্রাম — সদস্য
৭) জনাব মো: আমজাদ হোসেন, সভাপতি, হোটেল শ্রমিক ইউনিয়ন পরিষদ,কুড়িগ্রাম — সদস্য

**মহান মে দিবস, ২০১৯ উপলক্ষে গৃহীত কর্মসূচিসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হলো:**

১) দিবসটি উদ্‌যাপন উপলক্ষে গৃহীত কর্মসূচিসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম সকল বিষয়ে সমন্বয় করবেন।

২) সকল কর্মসূচিতে আইন-শৃঙ্খলা বজায় রাখার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

৩) মহান মে দিবস-২০১৯ উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত র‍্যালিতে পুলিশ ব্যান্ড পার্টির অংশগ্রহণ নিশ্চিত করার জন্য পুলিশ সুপার, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

৪) দিবসটি উদ্‌যাপন উপলক্ষে কেন্দ্রীয় শহীদ মিনার এলাকায় মঞ্চ সজ্জা, প্রয়োজনীয় সংখ্যক চেয়ার সরবরাহ ও সামিয়ানা টাংগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য মেয়র, কুড়িগ্রাম পৌরসভাকে অনুরোধ করা হয়।

৫) মহান মে দিবস-২০১৯ উদ্‌যাপন উপলক্ষে গৃহীত কর্মসূচি বহুল প্রচার, র‌্যালি এবং কুড়িগ্রাম কেন্দ্রীয় শহীদ মিনারে মাইক সরবরাহ করার জন্য জেলা তথ্য অফিসার, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

৬) কেন্দ্রীয় শহীদ মিনারে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য নির্বাহী প্রকৌশলী, নেসকো লিঃ, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

৭) দিবসটি উদ্‌যাপন উপলক্ষে বর্ণাঢ্য র‌্যালিতে অংশগ্রহণকারীদেরকে আরডিআরএস, সলিডারিটি, ব্র্যাক ও বিডিএসসি কর্তৃপক্ষ প্রয়োজনীয় সংখ্যক ফেস্টুন ও ক্যাপ সরবরাহ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় মহান মে দিবস-২০১৯ যথাযথ ভাবে উদ্‌যাপনের লক্ষ্যে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৪/১৯

(মোছা: সুলতানা পারভীন)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
মহান মে দিবস-২০১৯ উদযাপন কমিটি

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০০৩.০২.০১৩.১৯-৫৭২(১৫০)

তারিখ: ১৫ বৈশাখ ১৪২৬
২৮ এপ্রিল ২০১৯

অনুলিপি:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। ........................................................................................
........................................................................................
........................................................................কুড়িগ্রাম।

২৮/০৪/১৯
জেলা প্রশাসক
কুড়িগ্রাম